



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

মনোবিজ্ঞান বিভাগে 'Basic Counseling Skill Training Programme'



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের হেকেপ প্রজেক্টের 'Advance Teaching-Learning in Psychology (ATLP)' সাব-প্রজেক্টের আওতায় 'Basic Counseling Skill Training Programme' শীর্ষক তিন দিনব্যাপী (২১-২৩ নভেম্বর, ২০১৭) ট্রেনিং প্রোগ্রামের সমাপনী (২৩ নভেম্বর-২০১৭, বৃহস্পতিবার) মনোবিজ্ঞান বিভাগের সিগমুন্ড ফ্রয়েড কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

সাব-প্রজেক্টের ম্যানেজার এবং মনোবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. অশোক কুমার সাহা-এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান। এছাড়াও অনুষ্ঠানে বক্তব্য প্রদান করেন মনোবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. কাজী সাইফুদ্দীন, সহযোগী অধ্যাপক ড. নূর মোহাম্মাদ ও সহকারী অধ্যাপক ফারজানা আহমেদ-১। প্রশিক্ষণ শেষে উপাচার্য অংশগ্রহণকারীদের মাঝে সার্টিফিকেট প্রদান করেন। লাইফ অ্যান্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ জাকারিয়া মিয়া প্রশিক্ষণ কোর্সের সমাপনী বক্তব্য প্রদান করেন। এসময় বিভাগীয় শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, মনোবিজ্ঞান বিভাগের ফলিত শাখার ৩৪ জন শিক্ষার্থীকে এই ট্রেনিং প্রোগ্রামে অংশগ্রহণ করেন।

